

নং: ৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.০৯-২৪০ (৬)

তারিখ: ১০/০৭/২০১৭ খ্রি.

বিষয়: মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র: ১। মৎস্য অধিদপ্তরের পত্র নং: ৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.০৯-১৫(৬), তারিখ: ২৫/০১/২০১৭ খ্রি।


২। Shrimp Hatchery Association of Bangladesh (SHAB) এর পত্র নং ১২২ তারিখ ২৯/৬/২০১৭

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ এর বিধি ৯ (৪) মোতাবেক “হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী পিএল (বাগদা) বিক্রির ক্ষেত্রে ভাইরাসমুক্ত সার্টিফিকেট প্রদান করিবেন” এবং তফশিল ২ এর ১২ (ঘ) মোতাবেক ব্যাগের গায়ে “পি.এল. WSSV থেকে মুক্ত থাকার নিশ্চয়তা সম্পর্কিত তথ্য” প্রদান করার বিধান রয়েছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই উক্ত বিধান যথাযথভাবে প্রতিপালন করা হচ্ছে না। এমতাবস্থায়, আপনার অধিক্ষেত্রাধীন বাগদা চিংড়ি হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী ও সংশ্লিষ্ট সকলের মাঝে উপরোল্লিখিত বিষয়ে ব্যাপক সচেতনতা সৃষ্টির পাশাপাশি তা যথাযথভাবে প্রতিপালন নিশ্চিতকরণে মৎস্য হ্যাচারি আইন, ২০১০ এবং মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ অনুসারে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। সে প্রেক্ষিতে তাঁর অধিক্ষেত্রের মধ্যে অবস্থিত বাগদা চিংড়ি হ্যাচারিতে উৎপাদিত পি.এল পিসিআর পরীক্ষার মাধ্যমে ভাইরাসমুক্ত প্রত্যয়ন প্রদান পূর্বক বাজারজাত নিশ্চিত করার লক্ষ্যে হ্যাচারি স্থাপনকারী বা পরিচালনাকারী ও সংশ্লিষ্ট সকলের মাঝে ব্যাপক সচেতনতা সৃষ্টিসহ মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক মৎস্য অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করার জন্য নির্দেশনা প্রদান করে পত্র প্রেরণ করা হয়েছিল (কপি সংযুক্ত)।

চলতি সালের ২০ মে-২৩ জুলাই পর্যন্ত ৬৫ দিন ব্যাপী সরকার কর্তৃক সাগরে মৎস্য আহরণ বন্ধ করার ফলে মাদার চিংড়ি সরবরাহ বন্ধ হয়ে যাওয়ায় কক্সবাজার অঞ্চলের হ্যাচারি সমূহে বর্তমানে পি.এল উৎপাদন বন্ধ রয়েছে। কিন্তু এই পরিস্থিতির সুযোগে খুলনা-সাতক্ষীরা অঞ্চলের অধিকাংশ হ্যাচারিতে বিভিন্ন উৎস হতে জীবানুযুক্ত নপলি এনে পি.এল উৎপাদন করা হচ্ছে। এর ফলে খুলনা-সাতক্ষীরা অঞ্চলের ঘের সমূহে ইএমএস সহ বিভিন্ন ভাইরাসের কারণে ব্যাপকভাবে চিংড়ির মড়ক দেখা দিচ্ছে এবং বাংলাদেশের চিংড়ি শিল্প ধ্বংসের মুখে উপনীত হতে যাচ্ছে মর্মে শ্রীম্প হ্যাচারি এসোসিয়েশন অব বাংলাদেশ (সেব) কর্তৃক পত্র প্রেরণ করা হয়েছে (সংযুক্তি-২)। কার্যকর ব্যবস্থা হিসেবে অবিলম্বে মোবাইল কোর্ট পরিচালনাসহ অন্যান্য আইনগত ব্যবস্থাদি গ্রহণ করা প্রয়োজন। এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক গৃহীত এ’ধরনের সকল কার্যক্রমে সেব এর পক্ষ থেকে সকল প্রকার সহায়তা প্রদান করা হবে মর্মে জানিয়েছে।

এমতাবস্থায়, মোবাইল কোর্ট/অভিযান পরিচালনা করে মৎস্য হ্যাচারি বিধিমালা, ২০১১ মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ পূর্বক মৎস্য অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ কর হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক।


(মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোনঃ ০২-৯৫৬১৫৯২

ই-মেইল- ddaqua@fisheries.gov.bd


১। উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/খুলনা বিভাগ, খুলনা।

২। জেলা মৎস্য কর্মকর্তা, কক্সবাজার/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা।

নং: ৩৩.০২.০০০০.১২০.০৪.০০১.০৯-২৪০/৭ (১৬)
অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

তারিখ: ১০/০৭/২০১৭ খ্রি.

১. সভাপতি, Shrimp Hatchery Association of Bangladesh (SHAB), ১৭/বি, কলাতলি রোড, কক্সবাজার
২. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
৩. পরিচালক (সামুদ্রিক), সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম/ পরিচালক (রিজার্ভ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিকল্পনা ও জরিপ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
৪. উপপরিচালক (প্রশাসন/অর্থ ও পরিকল্পনা)/ফিল্ড সার্ভিস/চিংড়ি/রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. সহকারী পরিচালক, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা। (অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)


(মোহাম্মদ কামরুল্জামান হোসাইন)
প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা
ফোন: ০২-৯৫৬৭২২০

ই-মেইল: kjeweldof@yahoo.com